

চাঁপা ৩০

শাবিতে সাড়ে ১৬ কোটি টাকার বাজেট ঘোষণা

সিলেট ব্যুরো

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) ২০০৭-০৮ অর্থবছরে ১৬ কোটি ৫৫ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। বৃহত্তর শাবি অর্থ কমিটির সভায় এ বাজেট পেশ করা হয়। শাবি ভিপি প্রফেসর ড. এম আমিনুল ইসলামের সভাপতিত্বে আয়োজিত অর্থ কমিটির এ সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ ড. শামসুল হুদা, রঞ্জিত রানোয়া মেডিকেল কলেজের অধ্যক্ষ (মহানীত সিডিকিট সদস্য) মেজর জেনারেল (অব.) নাজমুল ইসলাম, ফিজিক্যাল সায়েন্স অনুষদের ভিন প্রফেসর ড. কবির হোসেন ও অর্থ বিভাগের পরিচালক আনাম জাহান্না-আবেদীন। ৪ জুন সিডিকিট সভায় এ বাজেটের অনুমোদন করা যাবে বলে জানা গেছে।

গত বছরের তুলনায় এ বছর বাজেটের পরিমাণ ১ কোটি ৩৭ লাখ টাকা বাড়িয়ে শিক্ষানুষ্ঠান খাতে মাত্র ২০ লাখ টাকা বাড়ানো হয়েছে। ২০০৬-০৭ অর্থবছরে সংশ্লিষ্ট বাজেট বাজেটের পরিমাণ ছিল ১৪ কোটি ৯৭ লাখ টাকা। শিক্ষানুষ্ঠান খাতে বরাদ্দ ছিল ২ কোটি টাকা, যা এ বছর বেড়ে দিয়ে ২ কোটি ২০ লাখ শাবি : পৃষ্ঠা ২ : কলাম ৬

শাবি : বাজেট

(৩য় পৃষ্ঠার পর)

টাকার দাঁড়িয়েছে।

বেতন-ভাতা বাবদ বরাদ্দ করা হয়েছে ১১ কোটি ২৫ লাখ টাকা, যা গত বছরের চেয়ে ৯৫ লাখ টাকা বেড়েছে। পেনশন-ভাতা বাবদ বরাদ্দ করা হয়েছে ৫০ লাখ টাকা, যা গত বছরের চেয়ে ৪০ লাখ টাকা বেড়েছে। সাধারণ আনুষঙ্গিক খাতে বরাদ্দ করা হয়েছে ২ কোটি ৬০ লাখ টাকা, যা গত বছরের তুলনায় ৩ লাখ টাকা বেড়েছে।

এক নজরে ২০০৭-০৮ অর্থবছরে রাজস্ব বাজেট : বেতন-ভাতা বাবদ ১১ কোটি ২৫ লাখ টাকা, শিক্ষানুষ্ঠান খাতে ২ কোটি ২০ লাখ টাকা, পেনশন-ভাতা বাবদ ৫০ লাখ টাকা ও সাধারণ আনুষঙ্গিক ২ কোটি ৬০ লাখ টাকা। ২০০৬-০৭ অর্থবছরে সংশ্লিষ্ট বাজেটের পরিমাণ হল ১৪ কোটি ৯৭ লাখ টাকা। শিক্ষানুষ্ঠান খাতে ২ কোটি টাকা, পেনশন ১০ লাখ টাকা ও সাধারণ আনুষঙ্গিক খাতে ২ কোটি ৫৭ লাখ টাকা।